

একটি হেলদি এবং পরিবেশ বান্ধব সমুদ্র বন্দরে সার্বিক কর্মকান্ড পরিচালনে বিশুদ্ধ পানি সরবরাহ অপরিহার্য। এ ব্যাপারে সর্বস্থলে বিশুদ্ধ ও সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করতে চট্টগ্রাম বন্দর বরাবরই বদ্ধ পরিকর। এ লক্ষ্যে সর্বস্তরে শ্রমিক, কর্মকর্তা/কর্মচারী এবং সমুদ্রগামী জাহাজে বিশুদ্ধ পানি সরবরাহ অটুট রাখতে বন্দরে চট্টগ্রাম ওয়াসা থেকে ৬টি সংযোগের মাধ্যমে চবক এর বিদ্যমান বিভিন্ন জলাধারে পানি সংগ্রহ পূর্বক সরবরাহ করা হয়ে থাকে। এছাড়াও চবক এর ক্রমবর্ধমান ও বিদ্যমান বিশুদ্ধ পানির চাহিদা পূরণার্থে এবং আপদকালীন বিশুদ্ধ পানির সংকট মোকাবেলায় ইতিমধ্যে বন্দরে নিজস্ব অর্থায়নে ৪০০ঘনমিটার/ঘন্টা ক্ষমতা সম্পন্ন সারফেস ওয়াটার টিট্রমেন্টপ্ল্যান্ট স্থাপন করা হয়েছে।

উল্লেখ্য, জেটিতে আগত বিদেশী জাহাজে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য চবক এর জেটি হেডে পর্যাপ্ত পানি সরবরাহের পয়েন্ট বিদ্যমান রয়েছে। এছাড়া, বহিনোঙ্গর অবস্থানরত জাহাজ সমূহে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য বন্দরের ৫০০টন ক্ষমতা সম্পন্ন মশক, ৫০০টন ক্ষমতা সম্পন্ন বার্গা, ৫০০টন ক্ষমতা সম্পন্ন ফোয়ারা এবং ১০০০ টন ক্ষমতা সম্পন্ন জলপরি চারটি বার্জ নিয়োজিত রয়েছে।



ডক মাস্টার  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।



পরিচালক (বিদ্যুৎ)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।